



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা।  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



নম্বর-৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৩.২০- ১৪৫৭

তারিখ: ২১ কার্তিক, ১৪২৯  
০৬ নভেম্বর, ২০২২

**বিষয়:** মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট নং-৪০৮১/২০২২ এর স্থগিতাদেশ ২৭/০৭/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত বর্ধিত করা হলেও ২৭/০৭/২০২২ খ্রি. তারিখ উত্তীর্ণ হওয়ায় জনাব মোঃ বেলাল হোসেন প্রামাণিক বগুড়া জেলার দুপচাঁচিয়া পৌরসভার মেয়র এর দায়িত্ব পালন করতে পারবেন কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

**সূত্র:** জনাব মোঃ বেলাল হোসেন প্রামাণিক, পিতা-মৃত ছইমদীন প্রামাণিক, ডাকঘর ও উপজেলা: দুপচাঁচিয়া, বগুড়া, তারিখ: ০৮/০৯/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৩/০১/২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত বগুড়া জেলার দুপচাঁচিয়া পৌরসভার নির্বাচনে জনাব মোঃ জাহাঙ্গীর আলম (ধানের শীষ মার্কা) মেয়র হিসেবে নির্বাচিত হন। আবেদনকারীর আবেদন মতে জানা যায় যে, জনাব মোঃ জাহাঙ্গীর আলম নির্বাচনী হলফনামায় তথ্য গোপন করার অভিযোগে নির্বাচনী আপীল ট্রাইবুনাল, বগুড়ায় তার বিরুদ্ধে মামলা দায়ের করা হয় এবং এর ধারাবাহিকতায় নির্বাচনী আপীল নং-০২/২০২১ এর ২৩/০৩/২০২২ খ্রি. তারিখের আদেশে জনাব মোঃ জাহাঙ্গীর আলম এর প্রার্থীতা বাতিল করে জনাব মোঃ জাহাঙ্গীর আলম-এর পরিবর্তে জনাব মোঃ বেলাল হোসেন প্রামাণিক (নির্বাচনে ২য় স্থান অর্জনকারী)-কে দুপচাঁচিয়া পৌরসভার মেয়র হিসেবে ঘোষণা করা হয়।

০১। উক্ত নির্বাচনী আপীল নং-০২/২০২১ এর ২৩/০৩/২০২২ খ্রি. তারিখের আদেশের প্রেক্ষিতে গত ০৪/০৪/২০২২ খ্রি. তারিখে বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক সংশোধিত গেজেট প্রকাশ করা হয়। নির্বাচনী আপীল ট্রাইবুনাল এর উক্ত আদেশের বিরুদ্ধে জনাব মোঃ জাহাঙ্গীর আলম মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৪০৮১/২০২২ দায়ের করেন যার ৩১/০৩/২০২২ খ্রি. তারিখের আদেশে নির্বাচনী আপীল নং-০২/২০২১ এর ২৩/০৩/২০২২ খ্রি. তারিখের আদেশ ০৩ (তিনি) মাসের জন্য স্থগিত করা হয়। বর্ণিত রিট মামলার ২৯/০৬/২০২২ খ্রি. তারিখের আদেশে পূর্ববর্তী স্থগিতাদেশ ২৭/০৭/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত বর্ধিত করে আদেশ প্রদান করা হয়।

০৩। এমতাবস্থায়, মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট নং-৪০৮১/২০২২ এর স্থগিতাদেশ ২৭/০৭/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত বর্ধিত করা হলেও ২৭/০৭/২০২২ খ্রি. তারিখ উত্তীর্ণ হওয়ায় জনাব মোঃ বেলাল হোসেন প্রামাণিক বগুড়া জেলার দুপচাঁচিয়া পৌরসভার মেয়র এর দায়িত্ব পালন করতে পারবেন কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

**সংযুক্তি:** সুত্রোক্ত আবেদন ও সংশ্লিষ্ট কাগজাদি-----ফর্দ

০৬/১১/২০২২  
(মো: আব্দুর রহমান)  
উপসচিব  
ফোন: ০২৯৫১৪১৪২

সচিব

নির্বাচন কমিশন সচিবালয়

বাংলাদেশ নির্বাচন কমিশন, আগারগাঁও, ঢাকা-১২০৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, বগুড়া।
- ৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। জনাব মোঃ বেলাল হোসেন প্রামাণিক, দুপচাঁচিয়া, বগুড়া।
- ৬। অফিস কপি।